দৈনিক সংবাদ

তারিখ 05 NOV 1992
পৃষ্ঠা ...১২... কলাম ...৪...

122

# পুলিশের গুলিবর্ষণের প্রতিবাদে চট্টগ্রামে ছাত্র ধর্মঘট পালন

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৪ঠা নভেম্বর।—গতকাল মিরসরাই ও সীতাকুন্ডে ছাত্র মিছিলে পুলিশের গুলিবর্ষণের ঘটনার প্রতিবাদে আজ চট্টগ্রামে সর্বত্র উত্তেজনা বিরাজ করে। নগরীর প্রায় প্রতিটি স্কুলের ছাত্ররা ক্লাস বর্জন করে পৃথক পৃথক মিছিল নিয়ে রাস্তায় নেমে আসে। ছাত্ররা জামাল খান সড়ক, নিউ-মার্কেট, আন্দরকিল্লা, মোমিন রোড, আগ্রাবাদ, হালিশহর, নাসিরাবাদসহ বিভিন্ন স্থানে অন্তত ২০টির মত যানবাহন ভাংচুর করে।

মিরসরাই থানার নিজামপুরে ছাত্র মিছিলে পুলিশের নির্বিচার গুলিবর্ষণের প্রতিবাদে আজ সকাল এগারটায় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের যৌথ উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও করা হয়। আদালত ভবন চত্বরে মোশাররফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সমাবেশে বক্তারা ঘটনার ব্যাপারে সরকারী প্রেসনোটের বক্তব্যকে প্রত্যাখ্যান করেন। তারা ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবি করেন।

সীতাকুন্ড থেকে নিজস্ব সংবাদদাতা জানান, জেলা প্রশাসক আজ বেলা সাড়ে বারোটায় মিরসরাই সদরে রাজনৈতিক ও ছাত্র নেতৃবৃন্দ এবং নিজামপুর কলেজের শিক্ষকমন্ডলীর সাথে এক বৈঠকে বসে পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। নেতৃবৃন্দ বিনা উস্কানিতে ছাত্র মিছিলে গুলি চালানোর জন্য দারোগা নজরুল ও এএসপি গাউসের অপসারণ দাবি করেন। বর্তমানে এলাকা শান্ত হয়ে এসেছে।